গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
যশোর সদর, যশোর।
www.sadar.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.০০৪১.০৪৭.০১২.০২.২৬.৬০০

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২২ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**ফ্যামিলি কার্ড শুমারী-২০২৬ এর খানা তথ্য ভান্ডারের তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নম্বর-৪১.০০.০০০০.০০০.০২৩.১৮.০০০১.২৬.৫৩৩, তারিখ;২০.০৭.২০২৬ খ্রি. এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগষ্ট/২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর/২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে বর্ণিত সময়ের জন্য যশোর সদর উপজেলা ও পৌরসভার তথ্য সংগ্রহের জন্য **তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার** হিসাবে দায়িত্ব পালনে আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র: নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামুলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) নুন্যতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স ১৮-৪০ বছর (শুমারির তারিখে)<br>গ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঘ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও বলতে সক্ষম<br>ঙ) শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদুর্দ্ধ ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের কপি<br>গ) পাসপোর্ট সাইজের ছবি ২ কপি।<br>ঘ) অভিজ্ঞতার সনদ/প্রমাণক এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে) |

| ক্র: নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামুলক যোগ্যতা | দায়িত্ব | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | সুপারভাইজার | ক) নুন্যতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স ২৫-৪৫ বছর<br>গ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঘ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমাদান<br>ঘ) ট্যাবলেটে চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিতকরন | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কমরত<br>গ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের কপি<br>গ) পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের ছবি ২ কপি।<br>ঘ) অভিজ্ঞতার সনদ/প্রমাণক এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে) |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান:**

ক। উপজেলা সমাজসেবা কার্যালয়, যশোর সদর, যশোর হতে সরাসরি অথবা উপজেলা সমাজসেবা অফিসের https://dss.sadar.gov.bd/, শহর সমাজসেবা অফিসের https://ucd.jessore.gov.bd/, ও উপজেলা নির্বাহী অফিসার,যশোর সদর,যশোর এর https://sadar.jessore.gov.bd/ ওয়েবসাইটে পাওয়া যাবে।

**আবেদন ফরম দাখিলের স্থান:**

ক। উপজেলা সমাজসেবা কার্যালয়, (ঝুমঝুমপুর) যশোর সদর, যশোর।

<u>আবেদন ফরম বিতরণ, দাখিল ও মৌখিক পরীক্ষার সময়সূচি:</u>

| ক্র: নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | মৌখিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২৩/০৭/২০২৬ খ্রি. হতে ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ৪.০০টা পর্যন্ত (শুক্রবার-শনিবারও ফরম বিতরণ করা হবে।) | ২৩/০৭/২০২৬ খ্রি. হতে ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত (শুক্রবার-শনিবারও ফরম দাখিল করা যাবে।) | ২৬/০৭/২০২৬ খ্রি:<br>তথ্য সংগ্রহকারী: সকাল ১০.০০ – বিকাল ১.০০ ঘটিকা<br>সুপারভাইজার বিকাল ২.০০ – বিকাল ৪.০০ ঘটিকা |

| | | | |
|---|---|---|---|
| | | | ( সকল মূল কাগজপত্র সহ উপস্থিত হতে হবে)<br>বি:দ্র: মৌখিক পরীক্ষার যেকোন সময় পরিবর্তন সংক্রান্ত তথ্য উপজেলা সমাজসেবা অফিসের https://dss.sadar.gov.bd/ ওয়েবসাইটে পাওয়া যাবে। |

**শর্তাবলী:**

১। তথ্য সংগ্রহকারীগণ জরিপ চলাকালীন নির্ধারিত এলাকায় বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২। তথ্যপ্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে।
৩। তথ্য সংগ্রহের ক্ষেত্রে কোনো ধরনের গাফিলতি বা অবহেলা করা যাবে না।
৪। কোনো অবস্থাতেই ভুল বা বিকৃত তথ্য প্রদান করা যাবে না।
৫। সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষায় সর্বোচ্চ দায়িত্বশীল ও দায়বদ্ধ থাকতে হবে।
৬। ট্যাবলেট যথাযতভাবে সংরক্ষণ করতে হবে। ক্ষতিগ্রস্ত হলে বিধি মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করতে হবে।
৭। কোনো পরিবারের ফ্যামিলি কার্ড প্রাপ্তি বা অপ্রাপ্তির বিষয়ে কোনো প্রকার অর্থ লেনদেন, সুপারিশ বা প্রভাব বিস্তার সম্পূর্ণ নিষিদ্ধ।
৮। ভুল তথ্য প্রদান, তথ্য গোপন, তথ্য বিকৃতি বা দায়িত্ব পালনে গুরুতর অবহেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৯। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তিতে উল্লিখিত যেকোনো শর্ত, সময়সূচি বা কার্যক্রম সংশোধন, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২২/০৭/২৬

(মো: শাহরিয়ার হক)
উপজেলা নির্বাহী অফিসার
যশোর সদর, যশোর।
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
সদর উপজেলা ও যশোর পৌরসভা, যশোর।
ফোন নং: ০২৪৭৭৭৬২৪৩২
ইমেইল:unojessore@mopa.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৪১৪৭.০০০.০০০.২০.০০০১.২৬. ৯০৪

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২২ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

<u>অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো:</u>

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, যশোর-০৩।
২। জেলা প্রশাসক, যশোর।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্য়ালয়, যশোর।
৪। প্রশাসক, যশোর পৌরসভা, যশোর।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), যশোর।
৬। সহকারী কমিশনার (ভুমি), যশোর সদর, যশোর।
৭। অফিসার ইনচার্জ, যশোর সদর যশোর।
৮। সদস্য ...........................ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি, যশোর সদর ও যশোর পৌরসভা, যশোর।
৯। সদস্য ...........................ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা ও শহর কমিটি, যশোর সদর ও যশোর পৌরসভা, যশোর।
১০।প্রশাসক / চেয়ারম্যান........................... ইউনিয়ন পরিষদ (সকল),যশোর সদর,যশোর।
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, যশোর।
১২। জনাব,..............................................................
১৩। অফিস নথি।

২২/৭/২৬

(মো: নাছির উদ্দিন)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যাগিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
যশোর সদর, যশোর।
ফোন: ০২৪৭৮৮৫০৪৭৪
ই-মেইল: usso.sadar jsr@gmail.com

অনুলিপি
২৩/৭/২৬

J.M. IQBAL HOSSAIN
Principal
Dr. Abdur Razzak Municipal College, Jashore
Mob: 01911-762417